

মেহেরপুর পৌরসভা কার্যালয়, মেহেরপুর।

১নং ওয়ার্ড সমন্বয় কমিটির (WC) সভা

সভাপতি	:	জনাব মীর জাহাঙ্গীর, কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।
স্থান	:	ঘোসপাড়া কাউন্সিলর সাহেবের নিজস্ব বাসভবন।
সভার তারিখ	:	বিকাল ৩.০০ ঘটিকা, ১৫/০৬/২০১৯ ইং।

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সদস্য সচিব সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্য ও সহায়ক কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি ওয়ার্ডের চলমান উন্নয়নমূলক কর্মকাণ্ড সম্পর্কে আলোচনা করেন।

সভাপতি মহোদয় WC র সভায় উপস্থিত হওয়ার জন্য সকলকে সালাম ও শুভেচ্ছা জানান। তিনি জ্ঞাত করেন যে ওয়ার্ড সমন্বয় কমিটি আইন দ্বারা স্বীকৃত একটি কমিটি। প্রতি তিন মাস পর পর ওয়ার্ডের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করার জন্য আমরা একত্রিত হয় নিয়মিত। নিয়মিত পৌর কর দিয়ে এলাকার উন্নয়নে সহযোগীতা করার জন্য তিনি সদস্যদের অনুরোধ করেন।

আলোচ্যসূচী:


- ১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন প্রসঙ্গে।
- ২। রাস্তা ও ড্রেন এবং আউটফল মেরামত করন প্রসঙ্গে।
- ৩। UGIP-III প্রকল্পের আওতায় নতুন রাস্তা ও ড্রেন অন্তর্ভুক্তি করন প্রসঙ্গে।
- ৪। বিবিধ।

ক্রঃনং	আলোচ্য সূচী	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা
০১	বিগত সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদন	সদস্য সচিব আলোচ্য সূচীর উপর আলোচনা করেন। তিনি পূর্ববর্তী সভার কার্য বিবরণী পাঠ আলোচনা ও অনুমোদন গ্রহন করেন।	TLCC র সভার মাধ্যমে মাসিক মিটিং এ উপস্থাপন করে পর্যায়ক্রম সমস্যা সমূহ সমাধানের সিদ্ধান্ত গৃহীত হয়।	সচিব
০২	রাস্তা ও ড্রেন এবং আউটফল মেরামত করন বিষয়ে সচেতনতামূলক আলোচনা।	আলোচ্য সূচীর উপর আলোচনা করেন সচিব, মেহেরপুর পৌরসভা। তিনি বলেন আপনার এলাকা পরিষ্কার পরিচ্ছন্ন রাখার দায়িত্ব আপনার। এ ব্যাপারে পৌরসভা আপনাকে সহযোগীতা করবে। সদস্য বাবু শেখ বলেন ১নং ওয়ার্ডের জাদবপুর ব্রীজের সম্মুখে ড্রেনের নতুন আউটফল হওয়ায় তিনি সভাপতি মহোদয়কে ধন্যবাদ জানান। তাছাড়া ১নং ওয়ার্ডের বোসপাড়া এলাকায় বিভিন্ন রাস্তা পট হোল হয়ে জনস্বাধারণের চলাচলের অসুবিধা হচ্ছে পরিষ্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি করা পরিচ্ছন্ন কর্মী দ্বারা ময়লা অপসারণ কার্যক্রম জোরদারের জন্য সদস্য গন সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করন। এ ব্যাপারে সদস্য	ওয়ার্ডের পরিষ্কার পরিচ্ছন্নতা, ও মেরামত, সড়ক বাতি, পানি ও স্যানিটেশন সমস্যা সমাধানের ব্যাপারে TLCCর সভায় সুপারিশ করা হয়।	সচিব

		কামরুজ্জামান সাগর বলেন ১নং ওয়ার্ডের রাস্তা ও ড্রেনের অবস্থা খুবই নাজুক থাকায় জনগনের চলাচল করতে অসুবিধা হয়। দ্রুত রাস্তা ও ড্রেন মেরামত করার জন্য পৌর কর্তৃপক্ষের সদয় দৃষ্টি আকর্ষণ করেন।		
০৩	UGHP-III প্রকল্পের আওতায় নতুন রাস্তা ও ড্রেন অন্তরভুক্তি করণ সম্পর্কে আলোচনা।	আলোচ্য সূচীর উপর আলোচনা করেন সভাপতি। তিনি সকলকে সালাম ও শুভেচ্ছা জানান। ওয়ার্ডের উন্নয়নমূলক কাজ সম্পর্কে মুক্ত আলোচনায় জনাব ১নং ওয়ার্ডের সদস্য মোঃ কামরুজ্জামান সাগর বলেন ১নং ওয়ার্ডের ঘোষপাড়া বকুল পেশকারের বাড়ি হতে ভৈরব নদী পর্যন্ত শুধু ড্রেন হওয়ায় উক্ত এলাকার জনসাধারণের চলাচলের জন্য খুবই ভোগান্তির শীকার হচ্ছে। ইউজিআইআইপি-৩ প্রকল্পের আওতায় অন্তরভুক্তি করার জন্য সভাপতি মহোদয়কে ধন্যবাদ জানান। সহসভাপতি জনাব আলপোনা খাতুন ১নং ওয়ার্ডে কিছু ড্রেনের উপর স্লাব নির্মাণের জন্য অনুরোধ জানান।	পৌর ফাড এবং প্রজেক্ট প্রাপ্তি সাপেক্ষে পর্যায়ক্রমে কাজগুলি সমাধানের সুপারিশ করা হয়। ইউজিআইআইপি-৩ প্রকল্পের আওতায় ১নং ওয়ার্ডের ঘোষপাড়া বকুল পেশকারের বাড়ি হতে ভৈরব নদী পর্যন্ত দরপত্র মূল্যায়নের কাজ চলছে।	মেয়র
০৪	বিবিধ	সভায় বিবিধ বিষয় নিয়ে আলোচনায় সর্বসম্মতিক্রমে মেহেরপুর পৌরসভা এলাকায় বেওয়ারিশ কুকুর নিধনের জন্য সভাপতি মহোদয়কে অনুরোধ জানানো হয়।		

সহ-সভাপতি সকল সদস্যকে সভায় উপস্থিত হওয়ার জন্য ধন্যবাদ জানান। নিয়মিত পৌরকর দিয়ে এলাকার উন্নয়নে সহযোগিতা করার সুযোগ করে দিতে সদস্যদের অনুরোধ করেন। তাদের সমস্যা গুলো পৌর পরিষদে আলোচনার মাধ্যমে পর্যায়ক্রমে সমাধানের চেষ্টা করবেন বলে সদস্যদের আশ্বস্ত করেন।

অতপর সভায় আর কোন আলোচনা না থাকায় তিনি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মীর জাহাঙ্গীর)

সভাপতি(WC)

ও

১নং ওয়ার্ড কাউন্সিলর
মেহেরপুর পৌরসভা।

মেহেরপুর পৌরসভা কার্যালয়
মেহেরপুর।

পরিশিষ্ট-ক

সভার তারিখ : ১৫/০৬/২০১৯ ইং সময়ঃ বিকাল ৩.০০ ঘটিকা
সভার স্থান : কোর্টপাড়া কাউন্সিলর সাহেবের নিজস্ব বাসভবন।

১নং ওয়ার্ড কমিটির উপস্থিত সদস্যগণের নাম ও স্বাক্ষর

ক্রমিক নং	নাম	পদবী	স্বাক্ষর
১	জনাব মোছাঃ আলপনা খাতুন	কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।	আলপনা
২	জনাব মোছাঃ নাসিমা খাতুন	ঘোষপাড়া, মেহেরপুর।	নাসিমা খাতুন
৩	জনাব মোঃ কামরুজ্জামান সাগর	ঘোষপাড়া, মেহেরপুর।	কামরুজ্জামান
৪	জনাব মোছাঃ নাজমুন নাহার লিপি	ঘোষপাড়া, মেহেরপুর।	
৫	জনাব মোঃ সোহেল রানা	ঘোষপাড়া, মেহেরপুর।	সোহেল
৬	জনাব মোঃ বাবু শেখ	পিয়াদাপাড়া, মেহেরপুর।	মোঃ বাবু শেখ
৭	জনাব মোঃ আব্দুল আলিম	নতুনপাড়া, মেহেরপুর।	আব্দুল
৮	জনাব মোছাঃ সুমি আক্তার	পিয়াদাপাড়া, মেহেরপুর।	সুমি
৯	জনাব আবু-হেনা মোস্তফা কামাল	সহকারী প্রকৌশলী	আবু-হেনা মোস্তফা কামাল
১০	মীর জাহাঙ্গীর	কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।	জাহাঙ্গীর